গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

**বিষয়: ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের দায়িত্ব ও কার্যক্রম নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নিতাই রায় চৌধুরী, এমপি<br>মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৫ জুন ২০২৬, সকাল ১০.০০টা |
| সভার স্থান | : | সভাকক্ষ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সভাপতি বলেন, জুলাই গণঅভ্যুত্থান ছিল দীর্ঘ ১৬ বছরের গুম, খুন, মিথ্যা মামলা ও বৈষম্যের বিরুদ্ধে ছাত্র-জনতার তীব্র ক্ষোভ ও ত্যাগের ফসল, যার মূল লক্ষ্য ছিল দেশে গণতন্ত্র ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করা। আন্দোলনের এই চেতনা ও উদ্দেশ্যকে রাষ্ট্রীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা এবং সাধারণ মানুষের কাছে এর তাৎপর্য তুলে ধরতেই সরকার ০৫ আগস্টকে 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' হিসেবে পালনের সিদ্ধান্ত নিয়েছে।

০২. অত:পর সভায় ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের দায়িত্ব ও কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>২.১</td><td>০৫ আগস্ট ২০২৬ তারিখে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা।</td><td>জুলাই শহীদদের স্মরণে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকাস্থ দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/ কর্মচারীগণের উপস্থিতিতে বাংলাদেশ জাতীয় জাদুঘর মিলনায়তনে আগামী ০৫ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ৪.০০টায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় জুলাই যোদ্ধাদের আমন্ত্রণ জানানো হবে।</td><td>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>ও<br>আওতাধীন সকল দপ্তর/সংস্থা।</td></tr>
<tr><td>২.২</td><td>প্রামাণ্যচিত্র/ ডক্যুমেন্টারি প্রদর্শনী।</td><td>(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জুলাই গণঅভ্যুত্থানের উপর বাংলাদেশ জাতীয় জাদুঘর ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক নির্মিত ডক্যুমেন্টারিসমূহ রিভিউ (Review) করে (তালিকা সংযুক্ত) ০৫ আগস্ট সারাদিন নিম্নবর্ণিত স্থানসমূহে প্রদর্শন করা হবে:
<table>
<tr><th>ক্রমিক</th><th>স্থানের নাম</th><th>ব্যবস্থাপনায়</th></tr>
<tr><td>১.</td><td>জাতীয় সংসদ ভবনের সামনে</td><td>আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর</td></tr>
<tr><td>২.</td><td>টিএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয়</td><td>বাংলাদেশ জাতীয় জাদুঘর</td></tr>
<tr><td>৩.</td><td>হাতিরঝিল এম্ফিথিয়েটার</td><td>বাংলাদেশ জাতীয় জাদুঘর</td></tr>
</table></td><td>আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বাংলাদেশ জাতীয় জাদুঘর, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, প্রত্নতত্ত্ব অধিদপ্তর এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>৪.</td><td>রবীন্দ্র সরোবর</td><td>জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট</td></tr>
<tr><td>৫.</td><td>মিরপুর-১০</td><td>জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট</td></tr>
<tr><td>৬.</td><td>উত্তরা</td><td>বাংলাদেশ শিল্পকলা একাডেমি</td></tr>
<tr><td>৭.</td><td>যাত্রাবাড়ি</td><td>বাংলাদেশ শিল্পকলা একাডেমি</td></tr>
<tr><td>৮.</td><td>রোজ গার্ডেন</td><td>প্রত্নতত্ত্ব অধিদপ্তর</td></tr>
<tr><td>৯.</td><td>কপিরাইট অফিস সংলগ্ন স্থান</td><td>বাংলাদেশ কপিরাইট অফিস</td></tr>
<tr><td>১০.</td><td>বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন চত্বর</td><td>বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন</td></tr>
</table>
</td><td></td></tr>
<tr><td></td><td></td><td>(খ) বাংলাদেশ জাতীয় জাদুঘর ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি জুলাই গণঅভ্যুত্থানের উপর নির্মিত ডক্যুমেন্টারিসমূহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।</td><td>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ও<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি।</td></tr>
<tr><td>২.৩</td><td>চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন।</td><td>(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে 'রিমেম্বারিং মনসুন রেভ্যুলেশন' শীর্ষক অনুষ্ঠানমালার আওতায় নির্মিত নিম্নোক্ত ০৩টি চলচ্চিত্র বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও জেলা শিল্পকলা একাডেমির মাধ্যমে দেশের সকল জেলায় প্রয়োজনীয় বিধি-বিধান পালনপূর্বক প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করতে হবে:
<table>
<tr><th>ক্রম</th><th>পরিচালকের নাম</th><th>চলচ্চিত্র</th></tr>
<tr><td>১.</td><td>জনাব হুমায়রা বিলকিস</td><td>ঘুম নয় গল্প</td></tr>
<tr><td>২.</td><td>জনাব রবিউল আলম রবি</td><td>Kill Me Like A Dog</td></tr>
<tr><td>৩.</td><td>জনাব শাহীন দিল রিয়াজ</td><td>মুখোমুখি</td></tr>
</table>
</td><td>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>ও<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি।</td></tr>
<tr><td></td><td></td><td>(খ) উল্লেখিত ০৩টি চলচ্চিত্র জেলা পর্যায়ে প্রদর্শনের পূর্বে 'প্রিমিয়ার শো' এর ব্যবস্থা করতে হবে।</td><td>বাংলাদেশ শিল্পকলা একাডেমি।</td></tr>
<tr><td>২.৪</td><td>০৫ আগস্ট ২০২৬ তারিখে জাদুঘরসমূহ উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা।</td><td>(ক) ০৫ আগস্ট ২০২৬ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন জাদুঘরসমূহ উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, জাদুঘরসমূহ উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের বিষয়টি ব্যাপকভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট জাদুঘরের সামনে ও গুরুত্বপূর্ন স্থানে ব্যানার প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।</td><td>আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।</td></tr>
</table>

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | (খ) রোজ গার্ডেনসহ অন্যান্য দর্শনীয় স্থান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে পরিদর্শনের ব্যবস্থা করতে হবে। | প্রত্নতত্ত্ব অধিদপ্তর। |
| ২.৫ | রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন। | (ক) জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে জেলা পর্যায়ে **'আমার দেখা জুলাই'** বিষয়ে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। জেলা পর্যায়ে উত্তীর্ণ প্রতিযোগিদের নিয়ে জাতীয় পর্যায়ে একটি প্রতিযোগিতা আয়োজনপূর্বক শীর্ষ ০৩ (তিন) জনকে পুরস্কৃত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর। |
| | | (খ) বাংলাদেশ কপিরাইট অফিস সংলগ্ন উন্মুক্ত স্থানে জুলাইকে উপজীব্য করে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও চিত্রাঙ্কনের জন্য উন্মুক্ত ক্যানভাসের ব্যবস্থা রাখতে হবে। | বাংলাদেশ কপিরাইট অফিস। |
| | | (গ) জুলাইকে উপজীব্য করে রোজ গার্ডেনে চিত্রাঙ্কনের জন্য উন্মুক্ত ক্যানভাসের ব্যবস্থা রাখতে হবে। | প্রত্নতত্ত্ব অধিদপ্তর। |
| | | (ঘ) জুলাইয়ের গান ও গণঅভ্যুত্থানের সাথে প্রাসঙ্গিক জাতীয় কবি কাজী নজরুল ইসলামের গান নিয়ে মানিক মিয়া এভিনিউ'তে ০৫ আগস্ট দিনব্যাপী 'ওপেন কনসার্ট' আয়োজন করা হবে।<br>(ঙ) জুলাই গণঅভ্যুত্থানকে উপজীব্য করে বাংলাদেশ শিল্পকলা একাডেমি একটি আর্ট ক্যাম্প আয়োজন করবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| | | (চ) জুলাই কেন্দ্রিক গান, কবিতা ইত্যাদি নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ২.৬ | বিদেশি রাষ্ট্রদূতসহ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | জুলাই জাদুঘরে বিদেশি রাষ্ট্রদূতসহ সুবিধাজনক সময়ে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। | সাংস্কৃতিক ঐতিহ্য শাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় জাদুঘর ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ২.৭ | বিবিধ। | (ক) উল্লিখিত কর্মসূচিসমূহ ছাড়াও জুলাই গণঅভ্যুত্থান নিয়ে প্রয়োজনে নিজস্ব অনুষ্ঠান আয়োজন করা যাবে। আয়োজিতব্য অনুষ্ঠানসমূহের বিষয়ে আগামী ০২ জুলাই ২০২৬ তারিখের মধ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>(খ) উন্মুক্ত স্থানে প্রামাণ্যচিত্র প্রদর্শনী, সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন এবং কনসার্ট আয়োজনসহ সকল আয়োজনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ও আইন-শৃঙ্খলা রক্ষার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |

০৩. সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে এবং ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/০৬/২০২৬
নিতাই রায় চৌধুরী, এমপি
মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৫.২৬. ৫০২

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ / ০৫ জুলাই ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. উপসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সিস্টেম এনালিষ্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

দপ্তর/অধিদপ্তর/সংস্থা প্রধান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. নির্বাহী পরিচালক (গ্রেড-১), জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা;
৩. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
৪. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
৫. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৬. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা;
৭. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা;
৮. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা;
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, রমনা, ঢাকা;
১০. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১১. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
১২. পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী;
১৩. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১৪. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৫. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৬. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
১৭. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
১৮. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নওগাঁ;
১৯. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, দিনাজপুর;
২০. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, হালুয়াঘাট;
২১. উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৩. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. অফিস কপি।

০৫/৭/২০২৬


(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
০২-৫৫১০০৬৬৮
event.section@moca.gov.bd